| | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

**পরিশিষ্ট: 'ঘ'**

## বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতা স্তর নির্ণয়

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

১. সারিপুত্রের উপদেশ কোনটি?
- ক. শীলাদি ধর্ম পরিপূর্ণ করো
- খ. আয় বুঝে ব্যয় করো
- গ. দুঃখ-তৃষ্ণা বিনাশ করো
- ঘ. নির্বাণ সাধনায় মনোনিবেশ করো

২. ভিক্ষু শীলভদ্র কোন আচার্যের কাছে দীক্ষা গ্রহণ করেন?
- ক. বুদ্ধঘোষ
- খ. বুদ্ধদত্ত
- গ. ধর্মপাল
- ঘ. অশ্বঘোষ

৩. বুদ্ধবাণী সর্বপ্রথম সংকলনের কারণ কোনটি?
- ক. ভিক্ষুদের আচরণিক শৃঙ্খলা রক্ষা
- খ. দশবত্থুনীর সঠিকতা যাচাই
- গ. শুদ্ধ বুদ্ধবাণী গ্রন্থাকারে সংরক্ষণ
- ঘ. অধার্মিক ভিক্ষুদের উপদ্রব হতে রক্ষা

**নিচের উদ্দীপক হতে ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

শ্রদ্ধেয় অরূনাপ্রিয় ভিক্ষু সংঘদান অনুষ্ঠানে ধর্মীয় আলোচনায় বলেন, "সৎ কাজ করবে। কখনো মিথ্যার আশ্রয় নেবে না। আর সৎ উপায়ে উপার্জিত অর্থ দান করবে। এতে বুদ্ধের নির্দেশিত পথসমূহ অনুসরণ করা সহজ হবে।"

৪. উদ্দীপকের আলোচনা কোন গ্রন্থের অর্ন্তভূক্ত?
- ক. ধম্মসঙ্গণি
- খ. ধাতুকথা
- গ. কথাবত্থু
- ঘ. পট্‌ঠান

৫. আনন্দকে 'সূত্রধর' বলার কারণ তিনি -

i সর্বদা বুদ্ধের সেবা-শুশ্রুষা করতেন

ii বুদ্ধের বাণী কঠোরভাবে অনুসরণ করতেন

iii বুদ্ধের বাণী অবিকল বলতে পারতেন

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

৬. গৌতম বুদ্ধ কত বছরব্যাপী বৌদ্ধ ধর্ম দর্শন প্রচার করেন?
- ক. ১৮ বছর
- খ. ২৯ বছর
- গ. ৩৫ বছর
- ঘ. ৪৫ বছর

**নিচের উদ্দীপকের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

মিতা বড়ুয়া ভিক্ষুসঙ্ঘের যাবতীয় ভরনপোষণ ও সেবা-যত্নে আত্মনিয়োগ করেন। তিনি এলাকায় 'শীলবতী উপাসিকা' হিসেবেও পরিচিতি লাভ করেন। অপরদিকে সংঘপাল ভিক্ষু উচ্চতর জ্ঞান লাভের আশায় বিদেশে যান। তাঁর পান্ডিত্য দেশ-বিদেশে ছড়িয়ে পড়ে এবং তাঁকে 'সদ্ধর্ম ভাণ্ডার' হিসেবে আখ্যায়িত করা হয়। তারই সহপাঠী সুমনপাল ভিক্ষু ছিলেন অলৌকিক ক্ষমতাসম্পন্ন। তিনি স্বর্গ, মর্ত্য, পাতাল ঘুরে ঘুরে বুদ্ধবাণী প্রচার করতে পারতেন।

৭. মিতা বড়ুয়ার সাথে বৌদ্ধ ইতিহাসের কার চরিত্রের মিল রয়েছে?
- ক. বিশাখা
- খ. গোপা দেবী
- গ. পূর্ণিকা থেরী
- ঘ. গৌতমী

৮. সংঘপাল ভিক্ষু এবং সুমনপাল ভিক্ষু উভয়েই ছিলেন-
- ক. সুপ্রসিদ্ধ ঐতিহাসিক
- খ. ধর্মভান্ডারিক উপাধিতে ভূষিত
- গ. বিদ্যা ও শিল্পকলা বিষয়ে পারদর্শী
- ঘ. ধর্মের সহজ, সরল ব্যাখ্যাদানে পারদর্শী

৯. 'বাল্যকালে শিক্ষালাভ কর'-এটি কার উপদেশ?
- ক. রাজা ব্রহ্মদত্ত
- খ. রাজা প্রসেনজিত
- গ. রাজা জনসন্ধ
- ঘ. রাজা বিম্বিসার

১০. বুদ্ধের প্রথম দেশনা কী নামে খ্যাত?

ক. রতন সূত্র
খ. করণীয় মৈত্রী সূত্র
গ. ধর্মচক্র প্রবর্তন সূত্র
ঘ. ভোজ্বঙ্গ সূত্র

১১. দ্বিতীয় সঙ্গীতি আহ্বানের প্রধান কারণ কোনটি?

ক. যশ স্থবিরকে সংঘ থেকে বহিষ্কার করা
খ. প্রথম সঙ্গীতি সফল না হওয়া
গ. সঙ্গীতির ধারাবাহিকতা রক্ষা করা
ঘ. দশবত্থুনীকে বিনয় বহির্ভূত ঘোষণা করা

১২. আসক্তিমুক্ত হয়ে মার্গফল লাভের সাধনাকে কী বলে?

ক. সংযম
খ. ধ্যান
গ. সমাধি
ঘ. ভাবনা

**নিচের উদ্দীপকের আলোকে ১৩ নং প্রশ্নের উত্তর দাওঃ**

ধর্মপ্রিয় ভিক্ষু সম্পূর্ণ নিজের চেষ্টায় বৌদ্ধ ধর্মের শ্রেষ্ঠ আটটি পথ সম্পর্কে বোধিজ্ঞান লাভের সাধনায় আত্মনিয়োগ করেন। তবে তিনি তাঁর গুণাবলী অন্যের কাছে প্রকাশ না করে নিজের মধ্যেই সীমাবদ্ধ রাখেন।

১৩. ধর্মপ্রিয় ভিক্ষুর আচরণে কোন বোধিসত্ত্বের ইঙ্গিত পাওয়া যায়?

ক. শ্রাবক বোধিসত্ত্ব
খ. প্রত্যেক বোধিসত্ত্ব
গ. প্রজ্ঞাধিক বোধিসত্ত্ব
ঘ. শ্রদ্ধাধিক বোধিসত্ত্ব

১৪. কোন গুণের জন্য বুদ্ধকে **'শত্রুশূন্য মুক্ত মহাপুরুষ'** বলা হয়?

ক. সুগত
খ. অর্হৎ
গ. অনুত্তর
ঘ. লোকবিধ

১৫. দুঃখমুক্তির সাধনায় বুদ্ধের পরিবর্তিত সিদ্ধান্ত ছিল-

i কৃচ্ছ সাধনা
ii পরিমিত আহার গ্রহণ
iii শৃঙ্খলাবদ্ধ জীবনাচরণ

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৬. প্রথম ব্যক্তির সাথে কোন আচার্যের জীবনাচরণের সাদৃশ্য রয়েছে?

ক. গোপাল
খ. ধর্মপাল
গ. বুদ্ধদত্ত
ঘ. বুদ্ধঘোষ

১৭. দ্বিতীয় ব্যক্তির কার্যক্রমের গুরুত্ব রয়েছে-

ক. বিনয় সংকলিত করায়
খ. সূত্র ও অভিধর্ম সংকলন করায়
গ. ভিক্ষুণী বিভঙ্গ লিপিবদ্ধ করায়
ঘ. ত্রিপিটকের প্রকৃত ব্যাখ্যাদানে

১৮. কোন গ্রন্থে নির্বাণের স্বরূপ সম্পর্কে উল্লেখ আছে?

ক. কথাবত্থু
খ. বিভঙ্গ
গ. পরিবার পাঠ
ঘ. মিলিন্দ প্রশ্ন

১৯. 'কথাবত্থু' গ্রন্থে রয়েছে-

i ধর্মের দুরূহ বিষয়ের সহজ ব্যাখ্যা
ii বৌদ্ধধর্মের দর্শন সর্ম্পকিত আলোচনা
iii ইন্দ্রিয় দমনের দিকনির্দেশনা

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

২০. 'মহারক্ষিত থের' কোথায় ধর্মপ্রচার করেন?

ক. লঙ্কাদ্বীপ
খ. মহারাষ্ট্র
গ. বনবাসী
ঘ. সুবর্ণভূমি

**নিচের উদ্দীপকের আলোকে ২১ নং প্রশ্নের উত্তর দাওঃ**

এক পৌর এলাকায় বেশ কিছুদিন ধরে অরাজকতা বিরাজ করছিল। নতুন মেয়র মহোদয় এসে বেকার, বৃদ্ধ এবং দুঃস্থদের তালিকা করে তাদের জন্য যথাক্রমে কর্মসংসংস্থান, বয়স্কভাতা এবং নগদ অর্থ দেয়ার ব্যবস্থা করলেন। এতে করে উক্ত এলাকায় শান্তি ফিরে এলো।

২১. উদ্দীপকের ঘটনায় কোন জাতকের কাহিনীর প্রতিফলন ঘটেছে?

ক. শুক জাতক
খ. সেরিবাণিজ জাতক
গ. জনসন্ধ জাতক
ঘ. সুখবিহারী জাতক

২২. বোধিসত্ত্ব সাধনা করতে হলে প্রয়োজন-

i সকল জীবের মঙ্গল কামনা
ii দশটি কুশল কর্মের অনুশীলন
iii পার্থিব জীবনের সকল ভাবনা হতে মুক্তি

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

২৩. বৌদ্ধরা নির্বাণ কামনা করেন কেন?

ক. স্বর্গ লাভের জন্য
খ. পুনর্জন্ম নিরোধ করতে
গ. ব্রহ্মালোক লাভের জন্য
ঘ. মহাপরিবারে জন্ম নিতে

**নিচের উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**

শ্রদ্ধেয় জ্ঞানশ্রী ভিক্ষু সর্বদাই জীবের মঙ্গল কামনা করতেন। তিনি অপরের সুখ-সমৃদ্ধি,আনন্দ দেখে খুশি হলেও নিজের সুখ-দুঃখে কখনই বিচলিত হতেন না। তাছাড়া তিনি সবসময়ই জগতসংসারের অনিত্যতা নিয়ে চিন্তা করতেন। অপরদিকে শ্রদ্ধেয় রতনশ্রী ভিক্ষু মুক্তিলাভের উদ্দেশ্যে গভীর বনে ধ্যানে নিমগ্ন হন। একপর্যায়ে তিনি ধ্যানের চারটি সোপান অতিক্রম করতে সমর্থ হন।

২৪. শ্রদ্ধেয় জ্ঞানশ্রী ভিক্ষুর প্রতিদিনের আচরণিক দিকগুলো কোন পর্যায়ের অর্ন্তভুক্ত?

ক. পঞ্চ ভাবনা
খ. শমথ ভাবনা
গ. স্মৃতি ভাবনা
ঘ. বিদর্শন ভাবনা

২৫. শ্রদ্ধেয় রতনশ্রী ভিক্ষু লাভ করেছেন-

i সকল প্রকার তৃষ্ণা নিবারণ ক্ষমতা
ii অতীত জন্মবৃত্তান্ত দর্শন ক্ষমতা
iii পার্থিব ও অপার্থিব জীবনের জ্ঞান

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

২৬. দীপংকর বুদ্ধের কাছে সুমেধ তাপস আর্শীবাদ কামনা করেছিলেন কেন?

ক. তাঁর শিষ্য হওয়ার জন্য
খ. আরোগ্য লাভের আশায়
গ. দীর্ঘজীবন লাভের উদ্দেশ্যে
ঘ. মহাজ্ঞানী হওয়ার আকাঙ্খায়

২৭. 'নিপকো' শব্দের অর্থ কোনটি?

ক. শত্রুতাহীন
খ. প্রজ্ঞাবান
গ. অনাসক্ত
ঘ. বিনীত

২৮. কোন ব্যক্তি বিপুল অর্থ থাকা সত্বেও কোন কারণে ভোগে বঞ্চিত হতে পারেন?

ক. অবৈধ অর্থ দান
খ. শারীরিক অসুস্থতা
গ. নেশাজাতীয় দ্রব্যগ্রহণ
ঘ. প্রাণির প্রতি নিষ্ঠুর আচরণ

২৯. 'করণীয় সূত্র' পাঠের প্রভাবে কাদের উপদ্রব বন্ধ হয়?

ক. যক্ষ
খ. ভূমিবাসী
গ. আকাশবাসী
ঘ. বৃক্ষদেবতা

৩০. মানুষের চালিকাশক্তি কোনটি?

ক. ধর্ম
খ. কর্ম
গ. বিদ্যা
ঘ. ভাবনা

# বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. মৌদ্‌গল্যায়ন কোন শক্তিতে সর্বশ্রেষ্ঠ ছিলেন?

ক. জ্ঞান
খ. ঋদ্ধি
গ. দৈব
ঘ. দৈহিক

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২. সম্যকসম্বুদ্ধ হতে প্রয়োজন-

i সংসার বন্ধন থেকে মুক্তি
ii জন্ম-জন্মান্তরে সৎকর্ম সম্পাদন
iii দশ প্রকার পারমীর পূর্ণতা সাধন

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাওঃ**

হাজারীরচর এলাকায় ঘূর্ণিঝড় 'মোরা'র আঘাতে গ্রামবাসীর বাড়িঘর বিধ্বস্ত হয়। এলাকার লোকজন এ পরিস্থিতি থেকে রেহাই পাওয়ার জন্য একজন জ্ঞানী ভিক্ষুর পরামর্শে বুদ্ধের মুখনিঃসৃত বাণী উক্ত এলাকায় আবৃত্তি করেন। পরবর্তীতে ঘর-বাড়ি পুন:নির্মিত হলে কমল বাবু রাতে প্রায়ই টিনের চালে ঢিল ছোঁড়ার শব্দ এবং বাড়ির চারিদিকে বিশ্রী গন্ধের আভাস পান। এ অবস্থায় তিনি নিজ উদ্যোগে বাড়িতে সূত্রপাঠের আয়োজন করেন।

৩. এলাকাবাসী কোন সূত্র পাঠের আয়োজন করেছিলেন?

ক. রতন সূত্র
খ. করণীয় মৈত্রী সূত্র
গ. সিগালোবাদ সূত্র
ঘ. ব্যগ্‌ঘপজ্জ সূত্র

৪. কমল বাবুর কার্যক্রমে সম্ভব হবে-

i এলাকায় শান্তি প্রতিষ্ঠা
ii অদৃশ্য শক্তির বিনাশ সাধন
iii মানসিক স্থিতিশীলতা অর্জন

নিচের কোনটিসঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

পরিশিষ্ট-'চ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

**পরিপত্র**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিতর্কর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না
(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

২২/১১/০৯
(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

**পরিশিষ্ট: 'ছ'**

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা        বিষয় কোড: ১১৩

১. ভিক্ষুদের পঞ্চভাবনায় দুঃখীর দুঃখমুক্তি কামনা করার ভাবনাকে কী বলে?
   ক. মৈত্রী
   খ. করুণা
   গ. মুদিতা
   ঘ. উপেক্ষা

২. সারিপুত্র ছিলেন-
   ক. বুদ্ধাঙ্কুর
   খ. বিনয়ধর
   গ. মহাপ্রজ্ঞাবান
   ঘ. অর্হত্ব ফল লাভকারী

৩. সিদ্ধার্থ নগর ভ্রমণে বেরিয়ে কী দেখলেন?
   ক. মৃতদেহ
   খ. বৃদ্ধ ব্যক্তি
   গ. ব্যাধিগ্রস্থ ব্যক্তি
   ঘ. ধ্যানমগ্ন সন্ন্যাসী

৪. ভিক্ষুদের জন্য নিষিদ্ধ কাজ কোনটি?
   ক. ব্যভিচার
   খ. চুরি
   গ. জীবহত্যা
   ঘ. উপরের সবগুলো সঠিক

৫. মহামতি বুদ্ধের মুখ হতে যে অমূল্য বাণী নিঃসৃত হয় তার সংকলনকে কী বলে?
   ক. জাতক
   খ. ধম্মপদ
   গ. ত্রিপিটক
   ঘ. খুদ্দক পাঠ

৬. কোনটি সোপাদিসেস নির্বাণের বৈশিষ্ট্য নয়?
   ক. জীবিত থাকেন
   খ. পঞ্চস্কন্ধের বিনাশ
   গ. বর্তমান জন্মই শেষ জন্ম
   ঘ. জরা-ব্যাধি আক্রমন করে

৭. সুভদ্রকে 'দুঃশীল ভিক্ষু' বলা হয় -
   i. ধর্মীয় বিধি-বিধান অনুসরণ করায়
   ii. বুদ্ধের মহাপরিনির্বাণে উৎফুল্ল হওয়ায়
   iii. বুদ্ধবাণীর অপব্যাখ্যা করায়

নিচের কোনটি সঠিক?
   ক. i
   খ. iii.
   গ. ii ও iii
   ঘ. i, iii.ও iii

৮. বুদ্ধ কোথায় বুদ্ধত্ব লাভ করেন?
   ক. বুদ্ধগয়ায়
   খ. সারনাথে
   গ. কপিলাবস্তুতে
   ঘ. শালবৃক্ষের নীচে

৯. সিদ্ধার্থ গৌতম ভুমিষ্ঠ হন-
   ক. শাল বৃক্ষের নীচে
   খ. বোধি বৃক্ষের নীচে
   গ. ন্যাগ্রোধ বৃক্ষের নীচে
   ঘ. রাজায়তন বৃক্ষের নীচে

১০. উপবাসব্রত পালন করার উদ্দেশ্য হলো-
   ক. সম্পদশীল হওয়া
   খ. সুনাম অর্জনকারী
   গ. শারীরিক সক্ষমতা বৃদ্ধি
   ঘ. নিজেকে পরিশুদ্ধ করা

**নিচের উদ্দীপকের আলোকে ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

সজল বড়ুয়া কৃষক। কৃষিকাজ করে তিনি ভালই আয় করেন, কিন্তু তিনি যথেচ্ছ ব্যয় করেন। ফলে মেয়ের বিয়ের জন্য তাকে অনেক টাকা ধার করতে হয়।

১১. সজল বড়ুয়া গৃহী নীতিমালার কোন নিয়ম ভঙ্গ করেছেন?
   ক. উৎসাহ
   খ. সংরক্ষণ
   গ. সৎলোকের সংশ্রব
   ঘ. শৃঙ্খলাবদ্ধ জীবনযাপন

১২. কোন কারণে বিমুক্ত মহাপুরুষের পুর্নজন্ম হয় না?
   ক. গভীর একাগ্রতায় সিদ্ধিলাভ
   খ. স্বর্গে দিব্যসুখ ভোগ
   গ. মহা ব্রহ্মালোকে উৎপন্ন
   ঘ. ব্রহ্মালোকে উৎপন্ন

১৩. নির্বাণের স্বরুপ বুঝতে হলে প্রয়োজন-
   ক. তীর্থস্থান ভ্রমন
   খ. আর্য অষ্টাঙ্গিক মার্গ
   গ. ভিক্ষুদের খাদ্যদ্রব্য দান
   ঘ. উপবাসব্রত পালন

১৪. সিদ্ধার্থ গৌতম গৃহত্যাগ করেছিলেন কেন?
   ক. অভাবের তাড়নায়
   খ. পিতার নির্দেশ পালন করতে
   গ. দুঃখ হতে মুক্তির সন্ধানে
   ঘ. বাবার সাথে অভিমান করে

১৫. ত্রিপিটক পাঠ করা প্রয়োজন কেন?
- ক. আরোগ্য লাভ করার জন্য
- খ. যশ-খ্যাতি অর্জনের জন্য
- গ. দীর্ঘায়ু লাভ করতে
- ঘ. উপরের কোনটিই সঠিক নয়

১৬. গৃহীদের নিত্য পালনীয় ধর্মাচার কোনটি?
- ক. বুদ্ধাসনের সামনে তিনবার শ্রদ্ধা নিবেদন
- খ. সামাজিক দায়িত্ব পালন
- গ. পূজার সামগ্রী সংগ্রহ
- ঘ. স্বাস্থ্যবিধি মেনে চলা

১৭. সিদ্ধার্থ গৌতম কত বছর বয়সে গৃহত্যাগ করেন?
- ক. ১৬
- খ. ৩৫
- গ. ২৯
- ঘ. ৪৫

**পরিশিষ্ট: 'জ'**

## বহুনির্বাচনি প্রশ্নের ত্রুটিযুক্ত ও শুদ্ধরূপ

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. সিদ্ধার্থ নগর ভ্রমণে বের হয়ে কী দেখলেন?<br>ক. মৃতদেহ<br>খ. বৃদ্ধ ব্যক্তি<br>গ. ব্যাধিগ্রস্থ ব্যক্তি<br>ঘ. ধ্যানমগ্ন সন্ন্যাসী | ১. সিদ্ধার্থ চতুর্থ দিন নগর ভ্রমণে বের হয়ে কী দেখলেন?<br>ক. মৃতদেহ<br>খ. বৃদ্ধ ব্যক্তি<br>গ. ব্যাধিগ্রস্থ ব্যক্তি<br>ঘ. ধ্যানমগ্ন সন্ন্যাসী |

| | |
|---|---|
| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
| ২. মহামতি বুদ্ধের মুখ হতে যে অমূল্য বাণী নিঃসৃত হয় তার সংকলনকে কী বলে?<br>ক. জাতক<br>খ. ধম্মপদ<br>গ. ত্রিপিটক<br>ঘ. খুদ্দক পাঠ | ২. মহামতি বুদ্ধের অমূল্য বাণীর সংকলনকে কী বলে?<br>ক. জাতক<br>খ. ধম্মপদ<br>গ. ত্রিপিটক<br>ঘ. খুদ্দক পাঠ |

| | |
|---|---|
| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
| ৩. ভিক্ষুদের পঞ্চভাবনায় দুঃখীর দুঃখমুক্তি কামনা করার ভাবনাকে কী বলে?<br>ক. মৈত্রী<br>খ. করুণা<br>গ. মুদিতা<br>ঘ. উপেক্ষা | ৩. দুঃখীর দুঃখমুক্তি কামনা করার ভাবনাকে কী বলে?<br>ক. মৈত্রী<br>খ. করুণা<br>গ. মুদিতা<br>ঘ. উপেক্ষা |

| | |
|---|---|
| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভূক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
| ৪. সিদ্ধার্থ গৌতম ভুমিষ্ঠ হন-<br>ক. শাল বৃক্ষের নিচে<br>খ. বোধি বৃক্ষের নিচে<br>গ. ন্যাগ্রোধ বৃক্ষের নিচে<br>ঘ. রাজায়তন বৃক্ষের নিচে | ৪. সিদ্ধার্থ গৌতম কোন বৃক্ষের নিচে ভুমিষ্ঠ হন?<br>ক. শাল<br>খ. বোধি<br>গ. ন্যাগ্রোধ<br>ঘ. রাজায়তন |
| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না- বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
| ৫. কোনটি সোপাদিসেস নির্বাণের বৈশিষ্ট্য নয়?<br>ক. জীবিত থাকেন<br>খ. পঞ্চস্কন্ধের বিনাশ<br>গ. বর্তমান জন্মই শেষ জন্ম<br>ঘ. জরা-ব্যাধি আক্রমণ করে | ৫. কোনটি অনুপাদিসেস নির্বাণের বৈশিষ্ট্য?<br>ক. জীবিত থাকেন<br>খ. পঞ্চস্কন্ধের বিনাশ<br>গ. বর্তমান জন্মই শেষ জন্ম<br>ঘ. জরা-ব্যাধি আক্রমণকরে |

| উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে। | |
|---|---|
| ৬. কোন কারণে বিমুক্ত মহাপুরুষের পুর্নজন্ম হয় না?<br>ক. গভীর একাগ্রতায় সিদ্ধিলাভ<br>খ. স্বর্গে দিব্যসুখ ভোগ<br>গ. মহা ব্রহ্মালোকে উৎপন্ন<br>ঘ. ব্রহ্মালোকে উৎপন্ন | ৬. কোন কারণে বিমুক্ত মহাপুরুষের পুর্নজন্ম হয় **<u>না?</u>**<br>ক. গভীর একাগ্রতায় সিদ্ধিলাভ<br>খ. স্বর্গে দিব্যসুখ ভোগ<br>গ. মহা ব্রহ্মালোকে উৎপন্ন<br>ঘ. ব্রহ্মালোকে উৎপন্ন |
| **উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।** | |
| ৭. বুদ্ধ কোথায় বুদ্ধত্ব লাভ করেন?<br>ক. বুদ্ধগয়ায়<br>খ. সারনাথে<br>গ. কপিলাবস্তুতে<br>ঘ. শালবৃক্ষের নিচে | ৭. সিদ্ধার্থ গৌতম কোথায় বুদ্ধত্ব লাভ করেন?<br>ক. বুদ্ধগয়ায়<br>খ. সারনাথে<br>গ. কপিলাবস্তুতে<br>ঘ. শালবৃক্ষের নিচে |

| নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে। | |
|---|---|
| সজল বড়ুয়া কৃষক। কৃষিকাজ করে তিনি ভালই আয় করেন, কিন্তু তিনি যথেচ্ছ ব্যয় করেন। ফলে মেয়ের বিয়ের জন্য তাকে অনেক টাকা ধার করতে হয়।<br>৮. সজল বড়ুয়া গৃহী নীতিমালার কোন নিয়ম ভঙ্গ করেছেন?<br>ক. উৎসাহ<br>খ. সংরক্ষণ<br>গ. সৎলোকের সংশ্রব<br>ঘ. শৃঙ্খলাবদ্ধ জীবনযাপন | সজল বড়ুয়া সামান্য চাকুরিজীবী। তিনি তার আয় অনুযায়ী বুঝে-শুনে খরচ করেন। এমনকি তিনি তার দরিদ্র আত্মীয়-স্বজনকেও সাহায্য সহযোগিতা করেন।<br>৮. সজল বড়ুয়ার গৃহী নীতিমালার কোন নিয়মটি অনুসরণ করেছেন?<br>ক. উৎসাহ<br>খ. সংরক্ষণ<br>গ. সৎলোকের সংশ্রব<br>ঘ. শৃঙ্খলাবদ্ধ জীবনযাপন |

| বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে। | |
|---|---|
| ৯. উপবাসব্রত পালন করার উদ্দেশ্য হলো-<br>ক. সম্পদশীল হওয়া<br>খ. সুনাম অর্জনকারী<br>গ. শারীরিক সক্ষমতা বৃদ্ধি<br>ঘ. নিজেকে পরিশুদ্ধ করা | ৯. উপবাসব্রত পালন করার উদ্দেশ্য হলো-<br>ক. সম্পদ লাভ<br>খ. সুনাম অর্জন<br>গ. শারীরিক সক্ষমতা বৃদ্ধি<br>ঘ. নিজেকে পরিশুদ্ধ করা |

| বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে। | |
|---|---|
| ১০. নির্বাণের স্বরূপ বুঝতে হলে প্রয়োজন-<br>ক. তীর্থস্থান ভ্রমণ<br>খ. আর্য অষ্টাঙ্গিক মার্গ<br>গ. ভিক্ষুদের খাদ্যদ্রব্য দান<br>ঘ. উপবাসব্রত পালন | ১০. নির্বাণের স্বরূপ বুঝতে হলে প্রয়োজন-<br>ক. তীর্থস্থান ভ্রমণ<br>খ. আর্য অষ্টাঙ্গিক মার্গ অনুশীলন<br>গ. ভিক্ষুদের খাদ্যদ্রব্য দান করা<br>ঘ. উপবাসব্রত পালন |

| পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে। | |
|---|---|
| ১১. সিদ্ধার্থ গৌতম গৃহত্যাগ করেছিলেন কেন?<br>ক. অভাবের তাড়নায়<br>খ. পিতার নির্দেশ পালন করতে<br>গ. দুঃখ হতে মুক্তির সন্ধানে<br>ঘ. বাবার সাথে অভিমান করে | ১১. সিদ্ধার্থ গৌতম গৃহত্যাগ করেছিলেন কেন?<br>ক. রাজ-জ্যোতিষীদের পরামর্শে<br>খ. পিতার নির্দেশ পালন করতে<br>গ. দুঃখ হতে মুক্তির সন্ধানে<br>ঘ. বাবার সাথে অভিমান করে |

| বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে। | |
|---|---|
| ১২. সিদ্ধার্থ গৌতম কত বছর বয়সে গৃহত্যাগ করেন?<br>ক. ১৬<br>খ. ৩৫<br>গ. ২৯<br>ঘ. ৪৫ | ১২. সিদ্ধার্থ গৌতম কত বছর বয়সে গৃহত্যাগ করেন?<br>ক. ১৬<br>খ. ২৯<br>গ. ৩৫<br>ঘ. ৪৫ |

পরিশিষ্ট: 'ঝ'

# বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------

এসএসসি পরীক্ষা- ২০২... খ্রিস্টাব্দ

বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

## নির্দেশক ছক

| চিন্তন দক্ষতার স্তর | অধ্যায় | | | | | | | | | | | মোট প্রশ্ন সংখ্যা | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | | |
| উচ্চতর দক্ষতা | | | | | | | | | | | | | |
| প্রয়োগ দক্ষতা | | | | | | | | | | | | | |
| অনুধাবন দক্ষতা | | | | | | | | | | | | | |
| জ্ঞান দক্ষতা | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | |

পরিশিষ্ট: 'ঞ'

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------

পরীক্ষার নাম------------- ২০২--- খ্রিস্টাব্দ

বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

## বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key | এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|---|---|
| ১ | | ১৬ | |
| ২ | | ১৭ | |
| ৩ | | ১৮ | |
| ৪ | | ১৯ | |
| ৫ | | ২০ | |
| ৬ | | ২১ | |
| ৭ | | ২২ | |
| ৮ | | ২৩ | |
| ৯ | | ২৪ | |
| ১০ | | ২৫ | |
| ১১ | | ২৬ | |
| ১২ | | ২৭ | |
| ১৩ | | ২৮ | |
| ১৪ | | ২৯ | |
| ১৫ | | ৩০ | |

**পরিশিষ্ট: 'ট'**

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ
## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

১. অমিতাভ ধনী পরিবারের সন্তান। ছোটবেলা থেকেই তিনি মানুষের দুঃখ-কষ্ট নিয়ে ভাবতেন। তিনি তার দাদুকে দীর্ঘদিন রোগে ভুগে কষ্ট পেয়ে মৃত্যুবরণ করতে দেখে ব্যথিত হলেন। তাই জগতের মায়া, দুঃখ-কষ্ট, রোগ-শোক থেকে মুক্তির পথ অনুসন্ধানের জন্য তিনি সংসার ত্যাগ করে একজন গুরুভান্তের নিকট দীক্ষা গ্রহণ করেন। পরবর্তীতে গুরুভান্তের উপদেশ অনুযায়ী তিনি সর্বদা সৎ কর্ম সম্পাদনের মাধ্যমে ধ্যান সমাধিতে নিমগ্ন হন।

| | | |
|---|---|---|
| ক. | সিদ্ধার্থ শিকার হাতের কাছে পেয়েও ছেড়ে দিলেন কেন? | ১ |
| খ. | সিদ্ধার্থের পুত্রের নাম রাহুল রাখা হয়েছিল কেন? | ২ |
| গ. | অমিতাভের জীবনে মহামতি বুদ্ধের জীবনের কোন ঘটনার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. | অমিতাভ অর্হৎ ফল লাভ করতে পারবেন কি না? যুক্তিসহ তোমার মতামত দাও। | ৪ |

২. প্রথম পিটকের একটি অধ্যায় পড়ে চঞ্চল মন শান্ত করার উপায়, নারী-পুরুষের চরিত্রের বিভিন্ন দিক এবং গৃহীদের চাল-চলন ও করণীয় সম্পর্কে জানা যায়। অধ্যায়টি এগারো ভাগে বিভক্ত। অপরদিকে শ্যামল বড়ুয়া এক ধর্মীয় অনুষ্ঠানে শ্রদ্ধেয় ভিক্ষুর দেশনায় জানতে পারেন যে, ভিক্ষুদের পালনীয় বিষয়গুলি সবসময়ই চর্চা করতে হয় এবং ভিক্ষুরা নিয়ম ভঙ্গ করলে তার অপরাধ স্বীকার করতে হয়। এসব অনুশাসন সম্পর্কে একটি বইয়ে বিস্তারিত বর্ণনা রয়েছে।

| | | |
|---|---|---|
| ক. | অখুদার কাকে বলে? | ১ |
| খ. | বিনয় ব্যতীত বুদ্ধশাসন অচল কেন? ব্যাখ্যা কর। | ২ |
| গ. | উদ্দীপকে উল্লিখিত অধ্যায়টি কোন নিকায়ের অন্তর্গত? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | উদ্দীপকের দেশনায় যে বইয়ের কথা বলা হয়েছে তাকে সামগ্রিকভাবে 'আইন গ্রন্থ' বলা হয়-যুক্তিসহ বিশ্লেষণ কর। | ৪ |

৩. শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো জীবিত অবস্থায় ছিলেন একাধারে ধর্ম ও বিনয়ে সুস্থির। সুশৃঙ্খল জীবনযাপন করে পৃথিবীর লোভ, হিংসা, মোহ থেকে তিনি মুক্ত হন। তিনি বুদ্ধ নির্দেশিত পথ অনুসরণ করে এমন অবস্থায় উপনীত হলেন যে মৃত্যুর পর কখনোই তাকে আর পৃথিবীতে ফিরে আসতে হবে না। অপরদিকে শ্রদ্ধেয় বিপস্সী ভিক্ষু সকল রকম আসক্তিমুক্ত হয়ে সাধনায় সিদ্ধিলাভ করেন। এতে তিনি বিমুক্ত মহাপুরুষে উপনীত হন এবং তাঁর লব্ধ জ্ঞান জনগণের কল্যাণে ছড়িয়ে দেন। অবশেষে আশি বছর বয়সে তিনি মহাপরিনির্বাণ লাভ করেন।

| | | |
|---|---|---|
| ক. | 'বিস্সাস পরমাঞাতি'-এর অর্থ কী? | ১ |
| খ. | 'নির্বাণ সাধনা অত্যাবশ্যক'-ব্যাখ্যা করো। | ২ |
| গ. | শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো কোন নির্বাণ লাভ করেছেন? ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. | শ্রদ্ধেয় বিপস্সী ভিক্ষু যে নির্বাণ লাভ করেছেন তা 'শান্ত,শাশ্বত ও অবিনশ্বর'- মূল্যায়ন করো? | ৪ |

৪. বর্তিকা বড়ুয়া পেশায় গৃহিনী। তিনি পরকালে বিশ্বাসী। বাড়িতে ভিক্ষু সঙ্ঘ আসলে তিনি তাঁদের খাবার ও ফলাদি দান করেন। গরীব আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী কারোর অভাব-অনটন দেখলে তিনি নিজ উদ্যোগে অর্থ ও খাদ্যশস্য দিয়ে সাহায্য করেন। তার ছোট বোন সুরভী বড়ুয়া। তিনি প্রতিমাসে ব্যাংকে টাকা জমা রাখেন। তিনি ভবিষ্যতে একটি বাড়ি তৈরি করে ভাড়া দিয়ে অর্থ উপার্জনের স্বপ্ন দেখেন। এজন্য তিনি কোনরূপ দান করেন না। অপরদিকে অজিত বাবু কর্মস্থলে অসদুপায় অবলম্বন করে প্রচুর ধন-সম্পদের মালিক হন। তবে তিনি ভিক্ষু সঙ্ঘ ও গরীব-দুঃখীদের প্রচুর দান করেন।

| | | |
|---|---|---|
| ক. | জনক কর্ম কী? | ১ |
| খ. | কায়-মন-বাক্যে কোনোরকম পাপকর্ম করা অনুচিত কেন? ব্যাখ্যা করো। | ২ |
| গ. | অজিত বাবুর আচরণ কর্মের কোন বিধানের অর্ন্তভুক্ত? ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. | উদ্দীপকের দুই বোনের কর্মের তুলনামূলক মূল্যায়ন করো। | ৪ |

৫. শ্রদ্ধেয় শাসনপ্রিয় ভিক্ষু ধর্মালোচনার প্রথম পর্যায়ে দায়ক-দায়িকাদের উদ্দেশ্যে বিনয়ে, ধর্মে, লাভীদের মধ্যে যারা বুদ্ধের শ্রেষ্ঠ শিষ্য ছিলেন, তাদের বিষয়ে দেশনা করেন। দ্বিতীয় পর্যায়ে জাতকের কাহিনী সম্পর্কে দেশনা করেন। তিনি শিবি রাজার চক্ষুদান ও দশ পারমী সম্পর্কেও দেশনা করেন। শ্রদ্ধেয় ভিক্ষু বলেন, এমন সত্ত্ব আছেন যাঁরা জন্ম জন্মান্তরে কুশল কর্ম সম্পাদন করে এই পারমী পূরণে সচেষ্ট থাকেন। দেশনায় তিনি এই পারমী পূরণ করে যাঁরা লোভ, হিংসা, মোহ, ইত্যাদি সকল প্রকার তৃষ্ণা ক্ষয় করে সর্বজ্ঞ হন, তাদের গুণাবলী তুলে ধরেন।

ক. প্রত্যেক বুদ্ধ কাকে বলে? ১

খ. জগতে সম্যক সম্বুদ্ধের আবির্ভাব দুর্লভ কেন? ব্যাখ্যা করো। ২

গ. প্রথম পর্যায়ের দেশনায় যাঁদের কথা বলা হয়েছে তাঁরা কোন ধরনের বুদ্ধ? ব্যাখ্যা করো। ৩

ঘ. দ্বিতীয় পর্যায়ের দেশনায় যাঁদের কথা বলা হয়েছে তাঁদের মধ্যে কারা সর্বশ্রেষ্ঠ? যুক্তি সহকারে বিশ্লেষণ করো। ৪

৬. রতনপুর গ্রামে জমিতে সেচের পানি ভাগাভাগির জন্য নতুন দশটি নিয়ম চালু করা হয়। কিন্তু কিছুদিনের মধ্যেই সেচ দেয়াকে কেন্দ্র করে বিবাদ শুরু হলে গ্রাম প্রধানকে সভাপতি করে জ্ঞানী-গুনী ব্যক্তিদের নিয়ে এক সভার আয়োজন করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, দশটি নতুন নিয়ম বাদ দিয়ে পূর্বের নিয়মানুসারে সেচ কাজ অব্যাহত থাকবে। অপরদিকে রামনগর স্কুলের খেলাধূলার অনুষ্ঠানকে ঘিরে প্রায়ই বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছিল। প্রধান শিক্ষক মহোদয় প্রতিষ্ঠানের শিক্ষকগণকে নিয়ে তদন্তে জানতে পারেন বহিরাগত কিছু শিক্ষার্থী এ ঘটনায় জড়িত। স্কুল মিটিং এ বহিরাগতদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। পূর্বের মিটিং-এর সিদ্ধান্তসমূহ সবাইকে স্মরণ করিয়ে দিয়ে অনুমোদন দেয়া হয়।

ক. বুদ্ধের মহাপরিনির্বাণের পর সুভদ্র কী বলেছিলেন? ১

খ. বুদ্ধবাণী বিকৃত হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছিল কেন? ব্যাখ্যা করো। ২

গ. রতনপুর গ্রামের ঘটনা কোন সংগীতির ঘটনাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ঘটনা দু'টির ফলাফল তোমার পাঠ্যবইয়ের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৭. চেয়ারম্যান স্বপন চৌধুরী তাঁর এলাকায় প্রত্যেক দরিদ্র পরিবারের মধ্যে মাসিক বিশ কেজি চাল ও নগদ অর্থ বিতরণ করেন। তিনি ধর্মীয় উন্নয়নমূলক কাজেও প্রচুর দান করেন। তাঁর দান কাজে উদ্বুদ্ধ হয়ে এলাকার লোকজন তার চেয়েও বেশি দান দিচ্ছে। অপরদিকে দুই বন্ধু রিপন ও টুটুল রাঙ্গামাটির রাজবন বিহার দর্শনে গিয়ে ধ্যানমগ্ন ভিক্ষু শ্রমণদের দেখতে পান। এতে তাদের মনে ধ্যানের প্রতি আগ্রহ জাগ্রত হয়। পরবর্তীতে তারা শ্রামণ্য ধর্ম গ্রহণ করেন এবং কঠোর ধ্যান সাধনার মাধ্যমে মার্গফল লাভ করেন। তাঁরা গুরু ভান্তের উপদেশাবলী সহজ, সরল ভাষায় সাধারণ মানুষকে বুঝাতে পারতেন। মানুষের কল্যাণেও তাঁরা অনেক উপদেশবাণী রেখে গেছেন।

ক. শীলভদ্র কে ছিলেন? ১

খ. উদক শুদ্ধি ব্রাহ্মণকে পূর্ণিকা কীভাবে স্বমতে আনতে সমর্থ হয়েছিলেন? ব্যাখ্যা করো। ২

গ. স্বপন চৌধুরীর সাথে বৌদ্ধ ইতিহাসের কার চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রিপন ও টুটুলের কার্যক্রম বৌদ্ধধর্ম প্রচার-প্রসারে অবদান রাখবে-বিশ্লেষণ করো। ৪

৮. **দৃশ্যকল্প-১:** সুনামগঞ্জে হঠাৎ বন্যায় ঘরবাড়ি, গৃহপালিত পশু, জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। মানুষের মধ্যে ভয়ভীতি, দুশ্চিন্তা এবং নানারকম অমঙ্গলের আশংকা দেখা দেয়। এই পরিস্থিতিতে একটি সেবামূলক সংগঠন সেখানে বিভিন্ন ত্রাণসামগ্রী, ঔষধ, খাদ্য ও পানি বিতরণ করে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। এতে ভয়, আশংকা দূর হয়ে তাদের মনোবল ফিরে আসে।

**দৃশ্যকল্প-২:** লাকী ও সাধন বড়ুয়ার দাম্পত্য জীবন খুবই সুখের ছিল। তারা সর্বদা জীবের মঙ্গল কামনা করতেন। সবাই শত্রু মুক্ত হোক, বিপদ আপদ থেকে রক্ষা পাক, সুখে শান্তিতে বসবাস করুক, কায়-মন-বাক্যে তারা সবসময় এমনই চিন্তা করতেন।

ক. সূত্র ও নীতিগাথা কী? ১

খ. আর্য অষ্টাঙ্গিক মার্গের পথ অনুশীলন করতে হয় কেন? বুঝিয়ে লেখো। ২

গ. দৃশ্যকল্প-১ এর ঘটনা কোন সূত্রের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজের শান্তি ও উন্নতির জন্য দৃশ্যকল্প-১ ও ২ এর ঘটনার গুরুত্ব পাঠ্যপুস্তকের সূত্রের আলোকে বিশ্লেষণ করো। ৪

**পরিশিষ্ট : 'ঠ'**

# সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

৩. শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো জীবিত অবস্থায় ছিলেন একাধারে ধর্ম ও বিনয়ে সুস্থির। সুশৃঙ্খল জীবনযাপন করে পৃথিবীর লোভ, হিংসা, মোহ থেকে তিনি মুক্ত হন। তিনি বুদ্ধ নির্দেশিত পথ অনুসরণ করে এমন অবস্থায় উপনীত হলেন যে মৃত্যুর পর কখনোই তাঁকে আর পৃথিবীতে ফিরে আসতে হবে না। অপরদিকে শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু সকল রকম আসক্তিমুক্ত হয়ে সাধনায় সিদ্ধিলাভ করেন। এতে তিনি বিমুক্ত মহাপুরুষে উপনীত হন এবং তাঁর লব্ধ জ্ঞান জনগণের কল্যানে ছড়িয়ে দেন। অবশেষে আশি বছর বয়সে তিনি মহাপরিনির্বাণ লাভ করেন।

ক. 'বিস্‌সাস পরমাঞাতি'-এর অর্থ কী? ১
খ. 'নির্বাণ সাধনা অত্যাবশ্যক'-ব্যাখ্যা করো। ২
গ. শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো কোন নির্বাণ লাভ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু যে নির্বাণ লাভ করেছেন তা 'শান্ত,শাশ্বত ও অবিনশ্বর'- মূল্যায়ন করো? ৪

| অধ্যায় | প্রশ্ন নং | শিখনফল নং ও শিখনফল/বিভাজিত শিখনফল |
|---|---|---|
| ৭ম অধ্যায় | ৩.ক | ১. নির্বাণের ধারণা ব্যাখ্যা করতে পারবে। |
| | ৩.খ | ২. নির্বাণ সাধনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। |
| | ৩.গ | ১. নির্বাণের ধারণা ও প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবে। |
| | ৩.ঘ | ১. নির্বাণের ধারণা ও প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবে। |

### সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ও নমুনা উত্তর (Sample Answer)

### ৩.ক নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

**৩.ক.** 'বিস্‌সাস পরমাঞাতি'-এর অর্থ কী?

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | দক্ষতা স্তর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৩.ক | ১ | জ্ঞান | ১ | 'বিশ্বাস পরম জ্ঞাতি' লিখলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

**৩.ক. নং প্রশ্নে নমুনা উত্তর**

'বিস্‌সাস পরমাঞাতি'-এর অর্থ 'বিশ্বাস পরম জ্ঞাতি'।

### ৩.খ. নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

**৩.খ.** নির্বাণ সাধনা অত্যাবশ্যক-ব্যাখ্যা কর।

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | দক্ষতা স্তর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৩.খ | ২ | অনুধাবন | ২ | নির্বাণ সাধনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারলে |
| | | জ্ঞান | ১ | নির্বাণের ধারণা লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

| ৩.খ. নং প্রশ্নে নমুনা উত্তর |
|---|
| দুঃখ থেকে মুক্তি লাভ করতে নির্বাণ সাধনা অত্যাবশ্যক। আমাদের মনে রাগ,ঈর্ষা,মোহ, লোভ ইত্যাদি উৎপত্তির কারণ হচ্ছে তৃষ্ঞা। তৃষ্ঞা থেকে দুঃখের উৎপত্তি হয়। যিনি নির্বাণ লাভ করেন তিনি তৃষ্ঞা থেকে মুক্ত হন। তাই তিনি আর জন্মগ্রহণ করেন না। এই মুক্তির জন্য নির্বাণ সাধনা অত্যাবশ্যক। |

**৩.গ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

৩.গ. শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো কোন নির্বাণ লাভ করেছেন? ব্যাখ্যা কর।

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | দক্ষতা স্তর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৩.গ | ৩ | প্রয়োগ | ৩ | সোপাদিসেস নির্বাণ ব্যাখ্যাপূর্বক শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো সোপাদিসেস নির্বাণ লাভ করেছেন, এটি চিহ্নিত করতে পারলে |
| | | অনুধাবন | ২ | 'সোপাদিসেস নির্বাণ' ব্যাখ্যা করতে পারলে |
| | | জ্ঞান | ১ | 'সোপাদিসেস নির্বাণ' লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

| ৩.গ. নং প্রশ্নে নমুনা উত্তর |
|---|
| সোপাদিসেস নির্বাণ। জীবিত কোনো সাধক পুরুষ পাঁচটি উপাদান অর্থাৎ রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান থাকা অবস্থায় যদি লোভ, হিংসা, মোহ বিনাশ করে নির্বাণকে প্রত্যক্ষ করেন তাকে সোপাদিসেস নির্বাণ বলে। জীবিত অবস্থায় নির্বাণ প্রাপ্ত হন বিধায় জরা, ব্যাধি, আনন্দ, বেদনা তাকে স্পর্শ করে। কিন্তু তিনি জন্ম-মৃত্যুর শৃঙ্খল থেকে মুক্ত থাকেন। বর্তমান জন্মই তাঁর শেষ জন্ম। উদ্দীপকে দেখা যাচ্ছে যে, শ্রদ্ধেয় ধর্মশ্রী মহাথেরো জীবিত অবস্থায় পৃথিবীর লোভ, হিংসা, মোহ থেকে মুক্ত হয়েছেন এবং মৃত্যুর পর কখনোই তাকে আর পৃথিবীতে ফিরে আসতে হবে না। তাই নিঃসন্দেহে বলা যায়, তিনি সোপাদিসেস নির্বাণ লাভ করেছেন। |

**৩.ঘ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

**৩.ঘ.** শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু যে নির্বাণ লাভ করেছেন তা 'শান্ত,শাশ্বত ও অবিনশ্বর'- মূল্যায়ন করো?

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | দক্ষতা স্তর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৩.ঘ | ৪ | উচ্চতর দক্ষতা | ৪ | শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু অনুপাদিসেস নির্বাণ লাভ করেছেন তা চিহ্নিত করে ব্যাখ্যাপূর্বক এর স্বরূপ 'শান্ত,শাশ্বত ও অবিনশ্বর' কেন- তা মূল্যায়ন করতে পারলে |
| | | প্রয়োগ | ৩ | অনুপদিসেস নির্বাণ ব্যাখ্যাপূর্বক শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু যে নির্বাণ লাভ করেছেন তা অনুপাদিসেস নির্বাণ হিসেবে চিহ্নিত করতে পারলে |
| | | অনুধাবন | ২ | অনুপাদিসেস নির্বাণের ধারণা ব্যাখ্যা করতে পারলে |
| | | জ্ঞান | ১ | অনুপাদিসেস নির্বাণ লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

**৩.ঘ নং প্রশ্নে নমুনা উত্তর**

অনুপাদিসেস নির্বাণ। রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান এই পাঁচটি উপাদানকে বিনাশ করে কোনো নির্বাণ প্রত্যক্ষদর্শী মুক্ত পুরুষ যখন পরিনির্বাণ লাভ করেন তখন তাকে অনুপাদিসেস নির্বাণ বলে। এই নির্বাণ লাভকারী সব দুঃখ কষ্টের উর্ধ্বে। এর যেমন উৎপত্তি নেই তেমনি বিনাশও নেই। স্থান, কাল, পাত্র, যুক্তি, উদাহরণ বা তুলনা দ্বারা এই নির্বাণ প্রকাশ করা সম্ভব নয়।

উদ্দীপকে দেখা যাচ্ছে যে, শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু সকল রকম আসক্তিমুক্ত হয়ে সাধনায় সিদ্ধিলাভ করেছেন অর্থাৎ পার্থিব সকল দুঃখ-কষ্ট থেকে তিনি মহামুক্তি লাভ করেছেন। পরিণত বয়সে তিনি মহাপরিনির্বাণ লাভ করেন। সুতরাং আমরা নিঃসন্দেহে বলতে পারি যে, শ্রদ্ধেয় বিপস্‌সী ভিক্ষু যে নির্বাণ লাভ করেছেন তা হলো অনুপাদিসেস নির্বাণ।

পার্থিব কোন জীব বা বস্তুই চিরস্থায়ী নয়। এগুলো সর্বদাই পরিবর্তনশীল এবং ধ্বংসপ্রাপ্ত হয়। তাই এই পরিবর্তন সর্বদাই দুঃখময় হয়। কিন্তু নির্বাণ লাভ মানে হলো সকল তৃষ্ণার ক্ষয়, দুঃখের পরিসমাপ্তি, সর্বদাই অপার আনন্দের অনুভূতি। তাই নির্বাণ শান্ত এবং শাশ্বত। নির্বাণের কোন উৎপত্তি নাই, ক্ষয় নাই, পরিবর্তন নাই। তাই নির্বাণ অবিনশ্বর। নির্বাণ লাভকারী মহামুক্ত পুরুষ বুদ্ধ বলেছেন, 'নির্বাণ পরম সুখ', নির্বাণ কারণহীন, নির্বাণ ধ্রুব, নির্বাণ পরম সুখকর। তাই কথাটি যথার্থ যে, নির্বাণ 'শান্ত,শাশ্বত ও অবিনশ্বর'।

বিশেষ দ্রষ্টব্যঃ ছকে প্রদর্শিত নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর শুধু পরীক্ষক, প্রধান পরীক্ষক ও শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য। এ ছক থেকে পরীক্ষকবৃন্দ পূর্ণ/ আংশিক নম্বর প্রদানের দিক নির্দেশনা পাবেন। এটি শিক্ষার্থী / পরীক্ষার্থীদের ব্যবহারের জন্য নয়।

**পরিশিষ্ট: 'ড'**

## এসএসসি ২০২... খ্রিস্টাব্দ
## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩
## সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. সিদ্ধার্থের 'মহাভিনিষ্ক্রমণ' ব্যাখ্যা করো।

২. বোধিসত্ত্বগণ বার বার জন্ম গ্রহণ করেন কেন? বুঝিয়ে লেখো।

৩. জাতিভেদ প্রথা এবং বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় ত্রিপিটক পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

৪. বৈশালী নগরীতে বুদ্ধের আগমনের প্রভাব ব্যাখ্যা করো।

৫. যুবক সমীর এক সড়ক দূর্ঘটনায় মারা গেলেন। তার এমন অল্প আয়ুর জীবন পাওয়ার কারণ কী হতে পারে? চুল্লকর্ম বিভঙ্গ সূত্রের আলোকে ব্যাখ্যা করো।

৬. 'ভাষাতাত্ত্বিক গবেষণায় অট্ঠকথা সাহিত্যের গুরুত্ব সমধিক'-ব্যাখ্যা করো।

**অথবা**

আধুনিক অভিধান রচনায় অট্ঠকথা সাহিত্যের গুরুত্ব ব্যাখ্যা করো।

৭. 'নির্বাণ পরম সুখ' - ব্যাখ্যা করো।

৮. বুদ্ধের মহাপরিনির্বাণের পর সঙ্গীতি আহ্বানের প্রয়োজন হয়েছিলো কেন? ব্যাখ্যা করো।

৯. বিনয় পিটককে বুদ্ধ শাসনের আয়ু বলা হয় কেন? ব্যাখ্যা করো।

১০. 'ঘরের আগুন বাইরে নিও না' এবং 'বাইরের আগুন ঘরে এনো না' উপদেশ দুইটি অনুসরণের গুরুত্ব ব্যাখ্যা করো।

১১. প্রথম সঙ্গীতিকে 'পঞ্চশতিকা সঙ্গীতি' বলা হয় কেন? ব্যাখ্যা করো।

১২. 'ধ্যান অনুশীলন ব্যতীত চিত্তের একাগ্রতা আনয়ন সম্ভব নয়'- বৌদ্ধধর্মের আলোকে ব্যাখ্যা করো।

১৩. 'জীবিত অর্হৎগণ নির্বাণ লাভ করেন কিন্তু তাঁরা জ্বরা, ব্যাধি, আনন্দ-বেদনামুক্ত নন'-ব্যাখ্যা করো।

১৪. সারিপুত্রকে বুদ্ধের দক্ষিণ হস্ত বলা হয় কেন? ব্যাখ্যা করো।

১৫. জনসন্ধ জাতকের উপদেশসমূহ তৎকালীন রাজ্যবাসী এবং বর্তমান সময়ের মানুষের জন্য সমানভাবে প্রযোজ্য-বুঝিয়ে লেখো।

পরিশিষ্ট: 'ঢ'

# এসএসসি ২০২... খ্রিস্টাব্দ

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা বিষয় কোড: ১১৩

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

### ১ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং-১: সিদ্ধার্থের 'মহাভিনিষ্ক্রমণ' ব্যাখ্যা করো।

| প্রশ্ন নং | অধ্যায় | শিখনফল নং ও শিখনফল/বিভাজিত শিখনফল |
|---|---|---|
| ১ | ১ | ৪. সিদ্ধার্থের গৃহত্যাগ |

| **প্রশ্ন নং** | **বরাদ্দকৃত নম্বর** | **বিভাজিত নম্বর** | **মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়)** |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | 'মহাভিনিষ্ক্রমণ' অর্থ উল্লেখপূর্বক মহাভিনিষ্ক্রমণ ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | 'মহাভিনিষ্ক্রমণ' অর্থ গৃহত্যাগ লিখলে বা মহাভিনিষ্ক্রমণের ধারণা লিখতে পারলে |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

**১ নং প্রশ্নে নমুনা উত্তর**

'মহাভিনিষ্ক্রমণ' অর্থ গৃহত্যাগ। সিদ্ধার্থ একদিন নগরভ্রমণে বেরিয়ে জরা, ব্যাধি, মৃত্যু এবং সন্ন্যাসী দেখে মানব জীবনের চার প্রকার পরিণতি উপলব্ধি করেছিলেন। জরা, ব্যাধি, মৃত্যুর মতো অমোঘ পরিণতির কথা ভেবে তিনি মনে শান্তি পাচ্ছিলেন না। নগরভ্রমণের চতুর্থ দিনে সৌম্য, শান্ত, ধ্যানরত সর্বত্যাগী সন্ন্যাসী দেখে তাঁর মধ্যে সন্নাস চেতনা জাগ্রত হয়। এক পর্যায়ে আষাঢ়ী পূর্ণিমা তিথিতে উনত্রিশ বছর বয়সে সিদ্ধার্থ গৃহত্যাগ করেন। তাঁর এই গৃহত্যাগ বৌদ্ধ সাহিত্যে 'মহাভিনিষ্ক্রমণ' নামে পরিচিত।

### ৭ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং-৭: 'নির্বাণ পরম সুখ' ব্যাখ্যা করো।

| প্রশ্ন নং | অধ্যায় | শিখনফল নং ও শিখনফল/বিভাজিত শিখনফল |
|---|---|---|
| ৭ | ৭ | ১. নির্বাণের ধারণা ব্যাখ্যা করতে পারবে। |

| **প্রশ্ন নং** | **বরাদ্দকৃত নম্বর** | **বিভাজিত নম্বর** | **মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়)** |
|---|---|---|---|
| ৭ | ২ | ২ | তৃষ্ণার ক্ষয় বা তৃষ্ণামুক্ত জীবনের ধারণা ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | নির্বাণ হলো তৃষ্ণার ক্ষয় বা তৃষ্ণামুক্ত জীবন-লিখতে পারলে |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

**৭ নং প্রশ্নের নমুনা উত্তর**

নির্বাণ বলতে তৃষ্ণার ক্ষয় বুঝায়। মানুষের মনে রাগ, ঈর্ষা, মোহ, লোভ ইত্যাদি ক্ষতিকর প্রবৃত্তিগুলোর উৎপত্তির কারণ হচ্ছে তৃষ্ণা বা কামনা। তৃষ্ণা বা কামনার কারণেই মানুষ বার বার জন্মগ্রহণ করে দুঃখভোগ করে। এই তৃষ্ণামুক্ত জীবনই হলো নির্বাণ যেখানে জীবন-মৃত্যুর প্রবাহ নিরুদ্ধ হয়, যাবতীয় দুঃখের নিরোধ বা নিবৃত্তি হয়। এজন্যই বুদ্ধ বলেছেন- 'নির্বাণ পরম সুখ'।

## ১৫ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং-১৫: জনসন্ধ জাতকের উপদেশ তৎকালীন রাজ্যবাসী এবং বর্তমান সময়ের জন্য সমানভাবে প্রয়োজ্য-বুঝিয়ে লেখো।

| প্রশ্ন নং | অধ্যায় | শিখনফল নং ও শিখনফল/বিভাজিত শিখনফল |
|---|---|---|
| ১৫ | ৯ | ২. বৌদ্ধ জাতকের কাহিনী থেকে শিক্ষণীয় বিষয়গুলো বিশ্লেষণ করতে পারবে। |

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (মূল্যায়নে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১৫ | ২ | ২ | জনসন্ধের ১/২টি উপদেশ উল্লেখপূর্বক তৎকালীন রাজ্যবাসী এবং বর্তমান সময়ে এর সামাজিক প্রভাব ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | জনসন্ধের ১/২টি উপদেশ লিখতে পারলে |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে |

**১৫ নং প্রশ্নে নমুনা উত্তর**

রাজা জনসন্ধ তার রাজত্বকালে প্রজাদের সর্বদা ধর্মপথে চলা, সততা ও ন্যায় পরায়ণতার সাথে নিজ নিজ কাজ সম্পাদন ও ব্যবসা বানিজ্য পরিচালনা, পিতা-মাতার সেবা করা, প্রাণিহত্যা থেকে বিরত থাকাসহ আরও কিছু গুরুত্বপূর্ণ উপদেশ দিতেন। রাজা জনসন্ধের উপদেশ শুনে রাজ্যবাসী ধর্ম ও ন্যায়ের সাথে জীবন যাপন করতে উদ্বুদ্ধ হয়েছিলেন এবং নগরে সুখ শান্তি ফিরে এসেছিলো। বর্তমান সময়ে সমাজে হিংসা, মারামারি, হত্যা, কু-প্রবৃত্তি, নিষ্ঠুরতা ইত্যাদি ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে সমাজে শান্তি বিনষ্ট হচ্ছে। এরূপ পরিস্থিতিতে রাজা জনসন্ধের উপদেশগুলো বাস্তবায়ন করা গেলে সামাজিক শান্তি প্রতিষ্ঠা হবে বলে আশা করা যায়।

# পরিশিষ্ট: 'ণ' পরীক্ষা সংস্কারের প্রজ্ঞাপন

রেজিস্টার্ড নং ডি এ-১

## বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১১
বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

( ৬১৪৭ )
মূল্য ঃ টাকা ২.০০

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

(ঘ) যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নর উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(ঙ) প্রশ্ন প্রণেতাগণ বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট বিষয়ের সকল বিষয়বস্তু (Content Coverage) বিবেচনায় এনে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী বহুনির্বাচনী প্রশ্নপত্র তৈরি করবেন। এজন্য বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশক ছক (Specification Grid) অনুসরণ করতে হবে।

(চ) উত্তরপত্র মূল্যায়ন সঠিক ও নির্ভরযোগ্য করবার জন্য প্রশ্নপ্রণেতাগণ প্রশ্নপত্রের সঙ্গে নমুনা উত্তর (Model Answer) ও নম্বর প্রদান নির্দেশিকা (Marking Scheme) বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করবেন।

(ছ) পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়নকালে প্রধান পরীক্ষক কর্তৃক সরবরাহকৃত নমুনা উত্তর এবং নম্বর প্রদান নির্দেশিকা অনুসরণ করবেন। উত্তরপত্র প্রকৃত মূল্যায়নের পূর্বে প্রধান পরীক্ষকের তত্ত্বাবধানে পরীক্ষকগণ উত্তরপত্রে নমুনা নম্বর প্রদান (Sample Marking) অনুশীলনের মাধ্যমে প্রকৃত নম্বর প্রদানকে নির্ভরযোগ্য করবেন।

(২) এই পরীক্ষা সংস্কার ২০০৯ সালে অনুষ্ঠিতব্য এস.এস.এস পরীক্ষা থেকে কার্যকর হবে। বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রম ও অভ্যন্তরীণ পরীক্ষায় এই পরীক্ষা সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

(৩) ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature এবং চারু ও কারুকলা বিষয়সমূহের নম্বর বন্টন প্রশ্নের ধরণে বর্তমান প্রচলিত পদ্ধতির কোনোরূপ পরিবর্তন হবে না।

(৪) ফলাফল তৈরির ক্ষেত্রে গ্রেড ও জিপিএ নির্ধারণে বর্তমান নিয়মই বহাল থাকবে।

(৫) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ প্রশ্নপত্র প্রণেতা, মডারেটর, পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের জন্য এতদ্‌সংশ্লিষ্ট প্রশিক্ষণসহ প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবে।

(৬) প্রকল্প পরিচালক, টিচিং কোয়ালিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (টিকিউআই)-এর সাথে প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি) সমন্বয় সাধনের মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের পাঠ্যসূচিতে পরীক্ষা পদ্ধতি সংস্কার কর্মসূচির প্রতিফলন ঘটাবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

**মোঃ নজরুল ইসলাম খান**
যুগ্ম-সচিব (মাধ্যমিক)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-১১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ এপ্রিল ২০০৮

নং- শিম/শা: ১১/বিবিধ-৬/সেসিপ/ ২০০৪/৬৯৪--সংস্কারকৃত কাঠামোবদ্ধ প্রশ্নের ভিত্তিতে এসএসসি পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬ জুন ২০০৭ তারিখের শিম/শা:১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন সংশোধনক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো:

১) কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি- "সৃজনশীল প্রশ্ন পদ্ধতি" হিসেবে বিবেচিত হবে।

২) ২০১০ সাল থেকে 'সৃজনশীল প্রশ্ন' পদ্ধতিতে শুধুমাত্র বাংলা ১ম পত্র এবং ধর্ম শিক্ষা বিষয়ে এসএসসি পরীক্ষা গ্রহণ করা হবে।

৩) ২০১১ সাল হতে পূর্ণাঙ্গভাবে 'সৃজনশীল প্রশ্ন' পদ্ধতিতে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪) চলতি বছর ৮ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীরা যাতে সৃজনশীল প্রশ্ন পদ্ধতির সাথে পরিচিত হতে পারে এবং সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে স্বাচ্ছন্দ্যবোধ করে সে লক্ষ্যে ২০০৮ সাল থেকেই ৮ম শ্রেণীতে ন্যূনতম পরিসরে হলেও সৃজনশীল প্রশ্ন পদ্ধতির সূচনা করতে হবে। সংশি- ষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়টি নিশ্চিত করবে।

৫) ২০০৯ সাল হতে ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণীতে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি পূর্ণাঙ্গভাবে চালু হবে।

৬) সমতার স্বার্থে এসএসসি'র সমপর্যায়ে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ব্যবস্থায় ২০১১ সাল থেকে 'সৃজনশীল প্রশ্ন' পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগ এ বিষয়ে এখন থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।

৭) এসএসসি পরীক্ষার ধারাবাহিকতায় ২০১২ সালের এইচএসসি পরীক্ষা এবং একইভাবে সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সংশি- ষ্ট পাবলিক পরীক্ষাতেও সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু করা হবে। মন্ত্রণালয়ের কলেজ এবং মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগ এ বিষয়ে এখন থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।

৮) সৃজনশীল প্রশ্ন পদ্ধতির যৌক্তিকতা তুলে ধরে রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের মাধ্যমে এসইএসডিপি প্রকল্প থেকে প্রচারণা কার্যক্রম জোরদার করতে হবে।

